

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ৩৫০১

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি সৎ কাজ করার ক্ষেত্রে সময়ের প্রতি লক্ষ্য করার জন্য বিভিন্ন উপায় ও উপকরণ ব্যবহার করাকে বাতিল সাব্যস্ত করে, তার কথা অপনোদনকারী হাদীস

ذَكَرُ الْخَبَرِ الْمُدْحِضِ قَوْلَ مَنْ أَبْطَلَ مُرَاعَاةَ الْأَوْقَاتِ لِإِذَا الطَّاعَاتِ بِالْحِيلِ وَالْأَسْبَابِ

আরবী

3501 - أَخْبَرَنَا ابْنُ خُزَيْمَةَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ أَبِي صَفْوَانَ الثَّقَفِيُّ حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ مَهْدِيٍّ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ أَبِي حَازِمٍ عَنْ سَهْلِ بْنِ سَعْدٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لَا تَزَالُ أُمَّتِي عَلَى سُنَّتِي مَا لَمْ تَنْتَظِرْ بِفِطْرِهَا النُّجُومَ) قَالَ: وَكَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا كَانَ صَائِمًا أَمَرَ رَجُلًا فَأَوْفَى عَلَى شَيْءٍ، فَإِذَا قَالَ: غَابَتِ الشَّمْسُ أَفْطَرَ.

الراوي : سَهْلُ بْنُ سَعْدٍ السَّاعِدِيُّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3501 | خلاصة حكم المحدث: صحيح - ((التعليق على صحيح ابن خزيمة)) ، (3/ 2061/275) ، ((الصحيحة)) (2081).

বাংলা

৩৫০১. সাহল বিন সা'দ রাঈয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “আমার উম্মত আমার সুন্নাহের উপর বহাল থাকবে, যতদিন তারা ইফতার করার জন্য তারকা (উদিত হওয়ার) অপেক্ষা করে না।”

রাবী বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন সিয়াম রাখতেন, তখন তিনি কোন ব্যক্তিকে আদেশ করতেন, অতঃপর সে উঁচু কোন কিছু উপর দাঁড়িয়ে দেখতেন, অতঃপর যখন সে বলতো, “সূর্য ডুবে গিয়েছে।” তখন তিনি ইফতার করতেন।”[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ২০৬১; হাকিম: ১/৪৩৪; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৭৫৯২; মুসনাদ আহমাদ: ৫/৩৩১; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/১৩; দারেমী: ২/৭; সহীহ মুসলিম: ১০৯৮; তিরমিযী: ৬৯৯; তাবারানী: ৫৯৬২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ২০৮১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92835>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন